

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৪২

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আরাফার দিন আরাফায় উপস্থিত হয়, তার জন্য জাহান্নাম থেকে নিস্কৃতির আশা করা যায় মর্মে বর্ণনা

ذَكَرُ رَجَاءِ الْعِتْقِ مِنَ النَّارِ لِمَنْ شَهِدَ عَرَفَاتٍ يَوْمَ عَرَفَةَ

আরবী

3842 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو بْنِ جَبَلَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَرْوَانَ الْعَقِيلِيُّ حَدَّثَنَا هِشَامٌ - هُوَ الدَّسْتَوَائِيُّ - عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مِنْ أَيَّامٍ أَفْضَلُ عِنْدَ اللَّهِ مِنْ أَيَّامٍ عَشْرٍ مِنْ ذِي الْحِجَّةِ) قَالَ: فَقَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ هُنَّ أَفْضَلُ أَمْ عِدَّتُهُنَّ جِهَادًا فِي سَبِيلِ اللَّهِ؟ قَالَ: (هُنَّ أَفْضَلُ مِنْ عِدَّتُهُنَّ جِهَادًا فِي سَبِيلِ اللَّهِ؟ وَمَا مِنْ يَوْمٍ أَفْضَلُ عِنْدَ اللَّهِ مِنْ يَوْمٍ عَرَفَةَ يَنْزِلُ اللَّهُ إِلَى السَّمَاءِ الدُّنْيَا فَيُبَاهِي بِأَهْلِ الْأَرْضِ أَهْلَ السَّمَاءِ فَيَقُولُ: انظُرُوا إِلَى عِبَادِي شُعْتًا غَبْرًا ضَاحِينَ جَاءُوا مِنْ كُلِّ فَجٍّ عَمِيقٍ يَرْجُونَ رَحْمَتِي وَلَمْ يَرَوْا عَذَابِي فَلَمْ يَرِ يَوْمٌ أَكْثَرَ عِتْقًا مِنَ النَّارِ مِنْ يَوْمِ عَرَفَةَ)

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3782 | خلاصة حكم المحدث: ضعيف - ((الضعيفة)) (679).

قَالَ أَبُو حَاتِمٍ: هِشَامٌ هَذَا: هُوَ هِشَامُ بْنُ أَبِي عَبْدِ اللَّهِ الدَّسْتَوَائِيُّ وَالدَّسْتَوَاءُ: قَرْيَةٌ مِنْ قُرَى الْأَهْوَازِ وَإِنَّمَا سُمِّيَ الدَّسْتَوَائِيُّ لِأَنَّهُ كَانَ يَبِيعُ الثِّيَابَ الَّتِي تُحْمَلُ مِنْهَا فَتُنْسَبُ إِلَيْهَا.

বাংলা

৩৮৪২. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আল্লাহর কাছে যুল হিজ্জাহ মাসের ১০ দিন অপেক্ষা শ্রেষ্ঠ দিন আর নেই।” রাবী বলেন, “তখন এক ব্যক্তি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই ১০ দিন উত্তম নাকি এই সংখ্যক দিন

আল্লাহর রাস্তায় জিহাদ করা উত্তম?” জবাবে তিনি বলেন, “এই দিনগুলো সমান সংখ্যক দিন আল্লাহর রাস্তায় জিহাদ করা উত্তম। আল্লাহর কাছে আরাফার দিন অপেক্ষা শ্রেষ্ঠ দিন আর নেই। এই মহান আল্লাহ দুনিয়ার আসমানে অবতরণ করেন। অতঃপর তিনি আসমানবাসীর কাছে জমিনবাসীকে নিয়ে গর্ব করেন। তিনি বলেন, “তোমরা আমার বান্দাদের দেখো, তারা এলোমেলো চুল ও ধুলোমলিন অবস্থায় রয়েছে, তারা দূরবর্তী প্রতিটি এলাকা থেকে এসেছে। তারা আমার রহমতের আশা করে অথচ তারা আমার আযাব প্রত্যক্ষ করেনি।”

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আরাফার দিন অপেক্ষা অন্য কোন দিন এতো বেশি মানুষকে জাহান্নাম থেকে নিষ্কৃতি দিতে দেখা যায়নি।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের রাবী হিশাম হলেন হিশাম বিন আবু আব্দুল্লাহ আদ দাসতুয়াঈ। আর দাসতুয়া হলো আহওয়ায়ের একটি শহর। তাকে দাসতুয়াঈ বলার কারণ হলো তিনি দাসতুয়া থেকে কাপড় বহন করে নিয়ে এসে বানিজ্য করতেন। এজন্য তাকে সেদিকে সম্পর্কিত করা হয়।”

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯৩১; সহীহ ইবনু খুযাইমা: ২৮৪০; আবু ইয়ালা: ২০৯০; বাযযার: ১১২৮; তাহাবী, মুশকিলুল আসার: ৪/১১৪; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/২৫৩; ইবনু মাজাহ: ৩০১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফা: ৬৭৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=93181>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন